

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
www.moedu.gov.bd

স্মারক নং-৩৭.০১.০৩০৮০.১৮৭.১৪.০২.২০১৮/ ৬০৩

তারিখঃ ১৮ অগ্রহায়ণ ১৪২৫
০২ ডিসেম্বর ২০১৮

বিষয়ঃ গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর ২০১৪-২০১৬ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিস্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নং-০২-এর ব্রডশীট জবাব প্রেরণ।

- সূত্র: ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২২.০১.০৫২.১৬-১৪৭; তারিখ: ২৫/১১/২০১৮খ্রি।
২। গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর স্মারক নং-টিএসসি/গাজী/অডিট-৭৪/২০১৮/৪০৭; তারিখ: ২৫/০৭/২০১৮খ্রি।
৩। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের স্মারক নং- ২৭৯৬/এলএএস-২/নি:প্র:/২০১৪-২০১৬/৯২১, তারিখ: ২৪/০১/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকত্রয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারক নং ১ ও ২নং স্মারকের মাধ্যমে গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর ২০১৪-২০১৬ আর্থিক সনের অডিটে পরিলক্ষিত অনিস্পন্ন অগ্রিম অনুচ্ছেদ-০২-এর যে ব্রডশীট জবাব প্রদান করা করা হয়েছে তা ইতোপূর্বে সূত্রোক্ত ৩নং স্মারকের মাধ্যমে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর হতে তা গ্রহণযোগ্য নয় মর্মে পুনরায় ব্রডশীট জবাব প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।

০২। স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিকট যে ব্রডশীট জবাব গ্রহণযোগ্য হয়নি তা নতুন কোন আইন/বিধি উল্লেখ ছাড়াই একই জবাব পুনরায় প্রেরণ করা হয়েছে। উক্ত অগ্রিম অনুচ্ছেদ নং-০২-এর গ্রহণযোগ্য ও নিস্পত্তিযোগ্য ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সুস্পষ্ট মতামতসহ পুনরায় ব্রডশীট জবাব প্রেরণ আবশ্যিক।

০৩। এমতাবস্থায়, সূত্রোক্ত ০৩নং স্মারকের চাহিদার আলোকে ব্রডশীট জবাব মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সুস্পষ্ট মতামতসহ আগামী ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে এ বিভাগের প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৩ ফর্দ।


০২.১২.১৮
(নূরজাহান বেগম)
সহকারী সচিব (অডিট)
ফোনঃ ৯৫৭৫২৭২
audittmed@gmail.com

অধ্যক্ষ
গাজীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
গাজীপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. যুগ্মসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অফিস কপি/মাস্টার কপি।